তারিখ 09 FEB 198[illegible]
পৃষ্ঠা ৮ কলাম ৮

দৈনিক ইনকিলাব

003

# উপজেলা পরিক্রমা

## কমলগঞ্জ

মৌলভীবাজার, ৮ ফেব্রুয়ারী (সংবাদদাতা)।— জেলার ৬টি উপজেলার মধ্যে কমলগঞ্জ অন্যতম। জেলার দক্ষিণ-পূর্ব প্রান্তে অবস্থিত। ১৪ সেপ্টেম্বর '৮৩ ইং তারিখে উপজেলায় উন্নীত হয়। এ উপজেলার ১৮৭ বর্গমাইল আয়তন। ৯টি ইউনিয়ন রয়েছে। উত্তরে মৌলভীবাজার সদর, পূর্বে কুলাউড়া, দক্ষিণে ত্রিপুরা রাজ্য, পশ্চিমে শ্রীমঙ্গল উপজেলা। লোকসংখ্যা ১,৬৮,৫৮১ জন।

### কৃষি

উপজেলায় আবাদী জমির পরিমাণ ২৯,০০০ একর, পতিত ৫ হাজার একর। ১৩ বর্গমাইল সংরক্ষিত বনাঞ্চল। চা বাগানের সংখ্যা ১২টি, উৎপাদিত চায়ের পরিমাণ ৬৬,২০,৬[illegible] কেজি।

### শিক্ষা

কলেজ ১টি, প্রাথমিক বিদ্যালয় ৮৪টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৪টি, উচ্চ বিদ্যালয় ১০টি, মাদ্রাসা ২টি, সংস্কৃত ২টি, শিক্ষিতের হার ২১·৭%।

### স্বাস্থ্য

৩১ শয্যাবিশিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্স দাতব্য চিকিৎসালয় ২টি, মিশনারী হাসপাতাল ১টি।

### বিদ্যুৎ

বিদ্যুতায়িত গ্রামের সংখ্যা মাত্র ২৫টি।

### শিল্প

সম্ভাবনা থাকা সত্ত্বেও কোন বৃহৎ শিল্প কারখানা অদ্যাবধি প্রতিষ্ঠিত হয়নি। হস্তচালিত তাঁতের সংখ্যা ২,১৯৩টি।

### যোগাযোগ

উপজেলায় রাস্তার সংখ্যা ৮৭টি, ৫টি পাকা, ২টি আধা পাকা ও ৮০টি কাঁচা। বাঁধ ৮৮টি, খাল ৪৪টি, সেতুর সংখ্যা ৫২টি।